



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৮১.১৮/৬৬৪৪/৬

তারিখ : ০৬/০৪/১৪২৬ বঙ্গাব্দ
২৩/০৮/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : ঢাকা মহানগরীর খিলগাঁও মডেল কলেজের হিসাববিজ্ঞান এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের শিক্ষক এম.পি.ও ভুক্তি এবং জ্যেষ্ঠতার বিষয়ে মতামত প্রদান।

সূত্র : (১) স্মারক নং ১৩৯৮-২৮/১৯(২) তারিখ : ২৫.০৪.২০১৯ ইং
(খ) স্মারক নং ১৪৩৮-৬৯/১৯ তারিখ : ২৪.০৭.২০১৯ ইং

উর্পযুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে যে, ঢাকা মহানগরীর খিলগাঁও মডেল কলেজের হিসাববিজ্ঞান এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের শিক্ষক এম.পি.ও ভুক্তি এবং জ্যেষ্ঠতার বিষয়ে মতামত প্রদানের জন্য সূত্রোক্ত স্মারক মোতাবেক প্রতিষ্ঠান থেকে আবেদন করেন। অধ্যক্ষ লিখিত আবেদনে উল্লেখ করেন, প্রতিষ্ঠানটিতে হিসাববিজ্ঞান ও ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এর ২টি পদশূন্য আছে। শূন্যপদে ০২ জন শিক্ষক এম.পি.ও ভুক্তির জন্য প্রতিষ্ঠান থেকে ০৪/১২/২০১৮ খ্রি. তারিখে অনলাইনে আবেদন করেন। এম.পি.ও ভুক্তির প্রস্তাবের ক্ষেত্রে মেধাক্রম অনুসরণ না করায় প্রস্তাবিত ২ জন শিক্ষকের এম.পি.ও ভুক্তির আবেদন জেলা শিক্ষা অফিসার, ঢাকা রিজেক্ট করে মাউশির সিদ্ধান্ত কামনা করেন। প্রস্তাবিত ২ জন শিক্ষকের তথ্য নিম্নরূপ :

বিষয় : হিসাব বিজ্ঞান

ক্রম	নাম	নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ	নিয়োগ পরীক্ষার তারিখ	মেধাস্থান	যোগদানের নির্ধারিত সময়	যোগদানের তারিখ
১	জনাব হরিগোপাল সাহা	২৯.১০.১০	২৩.০৯.১১	৩য়	৩১.১২.১১	২৮.১২.১১
২	এস.এম.ডি কৌশিক আহমেদ	২৯.১০.১০	২৩.০৯.১১	৫ম	৩১.১২.১১	১৩.১২.১১

বিষয় : ইসলামের ইতিহাস ও সংস্কৃতি

ক্রম	নাম	নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ	নিয়োগ পরীক্ষার তারিখ	মেধাস্থান	যোগদানের নির্ধারিত সময়	যোগদানের তারিখ
১	মোসা : উম্মে কুলসুম	২৯.১০.১০	২৩.০৯.১১	১ম	৩১.১২.১১	১৩.১২.১১
২	জনাব ফাহিমদা হোসাইন	২৯.১০.১০	২৩.০৯.১১	৩য়	৩১.১২.১১	১২.১২.১১

প্রতিষ্ঠানের গভর্নিং বডি'র ২৬/১০/২০১০খ্রি. তারিখের সভার কার্যবিবরণী ২(ক) অনুযায়ী দেখা যায় যে সকল বিষয়ে স্নাতক সম্মান ও স্নাতকোত্তর ডিগ্রি রয়েছে সে সকল বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধি অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক পদ সৃষ্টি করার সিদ্ধান্ত গ্রহণ করেন। স্নাতক সম্মান ও স্নাতকোত্তর কোর্সের জন্য ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে ৪টি এবং হিসাববিজ্ঞান বিষয়ে ৫টি পদ সৃষ্টি করা হয়। উক্ত সৃষ্টি পদের বিপরীতে বর্ণিত শিক্ষকদেরকে নিয়োগ প্রদান করা হয়েছে এবং নিয়োগকৃত শিক্ষকদের জ্যেষ্ঠতার বিষয়ে মতামত চাওয়া হয়।

উল্লেখ্য একই বিষয়ে একই বিজ্ঞপ্তির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে নিয়োগের মেধাক্রম অনুযায়ী জ্যেষ্ঠতা নির্ধারিত হবে। তবে নিয়োগকৃত শিক্ষকদেরকে স্নাতক সম্মান ও স্নাতকোত্তর স্তরের জন্য নিয়োগ প্রদান করা হয়। জনবল কার্ঠামো-২০১৮ অনুযায়ী স্নাতক সম্মান ও স্নাতকোত্তর বিষয়ে নিয়োগপ্রাপ্ত শিক্ষক ডিগ্রিস্তর/উচ্চমাধ্যমিক স্তরে সমন্বয়ের সুযোগ নাই।

এমতাবস্থায়, ঢাকা মহানগরীর খিলগাঁও মডেল কলেজের হিসাববিজ্ঞান এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে এম.পি.ও ভুক্তির জন্য জনবল কার্ঠামো-২০১৮ অনুযায়ী প্রস্তাবিত শিক্ষকগণ স্নাতক সম্মান ও স্নাতকোত্তর বিষয়ে নিয়োগপ্রাপ্ত হওয়ায়, ডিগ্রিস্তর/উচ্চমাধ্যমিক স্তরে সমন্বয় করে এম.পি.ও ভুক্তির সুযোগ নাই। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিষয়টি অবহিত করা হলো।

২৩.০৮.১৯

(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭।

ই-মেইল : ncollege@dshe.gov.bd

জেলা শিক্ষা অফিসার

ঢাকা।

বিতরণ :

০১। সভাপতি, গভর্নিং বডি, খিলগাঁও মডেল কলেজ, খিলগাঁও, ঢাকা;

০২। অধ্যক্ষ, খিলগাঁও মডেল কলেজ, খিলগাঁও, ঢাকা;

০৩। সংরক্ষণ নথি।

(E-File)-Delwar-F.c